

# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 19 April, 2025

প্রায় দুই যুগ পর আগামীকাল রোববার (২০ এপ্রিল) অনুষ্ঠিত হতে যাচ্ছে পাবনা সরকারি এডওয়ার্ড কলেজ শাখা ছাত্রদলের দ্বি-বার্ষিক সম্মেলন।

ইতিমধ্যে সম্মেলনের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে সম্মেলন আয়োজক কমিটি। শিক্ষার্থী ও প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের মধ্যে বিরাজ করছে উৎসবের আমেজ।

শনিবার (১৯ এপ্রিল) দুপুরে পাবনা প্রেসক্লাবের ভিআইপি মিলনায়তনে পাবনা জেলা ছাত্রদল আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য তুলে ধরেন নেতারা।

রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহবায়ক ও সরকারি এডওয়ার্ড কলেজ শাখা ছাত্রদলের সম্মেলনের প্রধান নির্বাচন কমিশনার সুলতান আহমেদ রাহী বলেন, মহান স্বাধীনতার চেতনা ও জুলাই গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষাকে ধারণ করে সরকারি এডওয়ার্ড কলেজের শিক্ষার্থীদের নিয়ে ছাত্রদলের সম্মেলন অনুষ্ঠিত হবে। যাতে আগামীতে কলেজে শিক্ষা, সাংস্কৃতিক, খেলাধুলার প্রতিযোগিতা ও শিক্ষার্থীদের দাবি পূরণের জন্য ছাত্রদল নেতারা পাশে থাকতে পারেন।

তিনি আরো বলেন, সম্মেলনকে সামনে রেখে ইতিমধ্যে ২ হাজার ২০০টি ফরম বিতরণ করা হয়। তার মধ্যে থেকে চূড়ান্ত ভোটের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে ২ হাজার ২ জনকে। যারা ভোট দিয়ে তাদের নেতা নির্বাচন করবেন। সভাপতি পদে চারজন ও সাধারণ সম্পাদক পদে দশজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। আগামীকাল উৎসবমুখর পরিবেশে এডওয়ার্ড কলেজ শাখা ছাত্রদলের সম্মেলন অনুষ্ঠিত হবে বলে আশা করেন তিনি।

পাবনা জেলা ছাত্রদলের সভাপতি আমিনুল ইসলাম বলেন, জাতীয় রাজনীতির প্রেক্ষাপটে আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে সরকারি এডওয়ার্ড কলেজে কাউন্সিলের মাধ্যমে সরাসরি সাধারণ শিক্ষার্থীদের ভোটে নেতৃত্ব নির্বাচিত করা হবে। কারণ আমরা দেখেছি ছাত্রলীগ যেভাবে হল দখল, মাদকের স্বর্গরাজ্য গড়ে তুলেছিল ক্যাম্পাসগুলোতে, তারই ধারাবাহিকতায় পাবনায় শিবলি সাদিক, তাইজুল ইসলাম, মিজানুর রহমান সবুজ এর মতো দূর্বৃত্ত তৈরী হয়েছিল।

আমিনুল বলেন, আমাদের সংগঠনে যেন এরকম দূর্বৃত্ত তৈরী না হয়. আর কোনো শিবলি সাদিক, আর কোনো তাইজুল ইসলাম, মিজানুর রহমান সবুজ যেন ছাত্রদলে তৈরী হওয়ার সুযোগ না পায়, সে কারণে শিক্ষার্থীরা তাদের পছন্দ মতো নেতৃত্ব নির্বাচিত করবেন। সম্মেলন সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে সাংবাদিকদের সহযোগিতা কামনা করেন তিনি।

সম্মেলনে প্রধান অতিথি থাকবেন ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাধারণ সম্পাদক নাসির উদ্দিন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন সহ-সভাপতি তৌহিদুর রহমান আউয়াল।

এ সময় রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহবায়ক ও সরকারি এডওয়ার্ড কলেজ শাখা ছাত্রদলের সম্মেলনের প্রধান নির্বাচন কমিশনার সুলতান আহমেদ রাহী, যুগ্ম আহবায়ক ও নির্বাচন কমিশনার মাহমুদুল হাসান মিঠু, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রহমতুল্লাহ হলের ছাত্রদল নেত্রী জাহিন বিশ্বাস এশা, পাবনা জেলা ছাত্রদলের সভাপতি আমিনুল ইসলাম, সাধারণ সম্পাদক কামরুজ্জামান প্রিন্স, সিনিয়র যুগ্ম সম্পাদক মাহমুদুল হাসান সরকার, সাংগঠনিক সম্পাদক সাদ্দাম হোসেন সহ অনেকে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সর্বশেষ ২০০২ সালে সরকারি পাবনা এডওয়ার্ড কলেজ শাখা ছাত্রদলের সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল।

ছাত্রদল সম্মেলন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:03

URL: <https://www.timestodaybd.com/rajshahi/7789111056>